



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৭ ই মার্চ ২০১৬

উদ্ধৃতি

“বাংলাদেশ দূতাবাস, এথেন্সে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত

বাংলাদেশ দূতাবাস, এথেন্সে যথাযথ মর্যাদা ও ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৬তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৬ পালন করেছে। দিনের কর্মসূচির প্রথমেই গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পাস্তবক অর্পণ করেন। পুষ্পাস্তবক অর্পণের সময় বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশিরা উপস্থিত ছিলেন। পুষ্পাস্তবক অর্পণের পর দূতাবাসে আগত শিশু-কিশোর ও অভ্যাগত অতিথিদের নিয়ে বঙ্গবন্ধুর জন্মদিনের কেক কাটা হয়। অতঃপর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়। বাণী পাঠের পর অনুষ্ঠিত হয় বঙ্গবন্ধুর গৌরবময় জীবন এবং জাতীয় শিশু দিবসের ওপর বিশেষ আলোচনা অনুষ্ঠান। প্রবাসী বাংলাদেশিগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহৎ কর্মজীবন এবং জাতীয় শিশু দিবসের ওপর বক্তব্য রাখেন। রাষ্ট্রদূত জসীম উদ্দিন তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধুর ঐতিহাসিক নেতৃত্বের কথা স্মরণ করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার দৃষ্ট পদক্ষেপে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে।

আলোচনা সভার পর শিশু-কিশোরদের ও স্থানীয় শিল্পীদের নিয়ে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠানে দূতাবাসের সদস্যবৃন্দ, দোয়েল সাংস্কৃতিক সংগঠনের শিল্পীবৃন্দ এবং শিশু-কিশোররা সংগীত, কবিতা ও নৃত্য পরিবেশন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের পর চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উল্লেখ্য যে, বিগত ১২ই মার্চ ২০১৬ তারিখে দূতাবাস প্রাঙ্গণে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এখানে আরো উল্লেখ্য যে, দিবসটি উপলক্ষে দূতাবাস প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের দেয়ালিকা তৈরী করা হয়। তাছাড়া, বঙ্গবন্ধুর রাজনৈতিক ও কূটনৈতিক জীবনের ওপর আলোকচিত্রও প্রদর্শিত হয়। গ্রীসে বসবাসরত বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিদের জন্য বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী সৃষ্টি করে এক মিলনমেলা। তাঁদের প্রাণবন্ত ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দূতাবাসে একটি আনন্দময় পরিবেশ সৃষ্টি হয়।”

উদ্ধৃতি সমাপন

Mar. 17/16
১৭.০৩.১৬

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece
Tel: +30 210 6720 250 - 7 (P.A.B.O) Fax: +30 210 6754 513
mission.athens@mofa.gov.bd